গাংনীর পল্লী কবি খ্যাত ছহির উদ্দীন মারা গেছেন

স্ত্রী মারা যাবার মাত্র এক সপ্তাহ পর মারা গেলেন গাংনীর পল্লী কবি খ্যাত ছহির উদ্দীন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৯৭ বছর। (ইন্নালিল্লাহী ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ শনিবার (২ জুলাই) সকাল সাড়ে ৭ টার দিকে নিজ বাড়িতে মারা যান অবহেলিত এই কবি।

পল্লী কবির মেয়ে ষোলটাকা ইউনিয়ন পরিষদের সংরক্ষিত নারী সদস্য খালেদা আক্তার এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি আরও বলেছেন গত সপ্তাহে আমাদের মা টুনুয়ারা খাতুন মারা গেছেন।

পল্লী কবি ছহির উদ্দীন দীর্ঘদিন যাবৎ বার্ধক্যজনিত বিভিন্ন রোগে ভুগছিলেন। স্থানীয়ভাবে তার চিকিৎসা চলছিল।আজ বিকালে তার নামাযে জানাযা শেষে স্থানীয় কবরস্থানে দফণ সম্পন্ন হবে বলে পারিবারিকভাবে জানান গেছে।

এই কবিকে ঢাকার একটি কবি সম্মেলনে গিয়ে দেশ বরণ্য কবি ও লেখকরা তাকে পল্লী কবি উপাধি দিয়েছেন।

তার লেখা কাব্যগ্রন্থ “নিঝুম রাতের কান্না” বইটি পাঠক সমাদৃত হয়েছে।এছাড়া অর্থাভাবে বেশ কয়েকটি বই প্রকাশ করতে পারেননি তিনি।◌িএছাড়া তার লেখা অসংখ্য কবিতা, প্রবন্ধ ও উপণ্যাশ রয়েছে।এছাড়া তিনি একজন গীতি কবি হিসেবেও পরিচিত।পল্লী কবির এই মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন এলাকার সাংস্কৃতিক ব্যক্তিত্বরা।

মেহেরপুরে পুলিশের অভিযানে ১৫

জন গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলায় আদালতের গ্রেফতারী পরোয়ানা ও নিয়মিত মামলার ১৫ জন আসামী গ্রেফতার হয়েছে।

এসব আসামীদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ৬ জন, সিআর মামলায় ৪ জন ও নিয়মিত মামলার ৩ আসামী এবং গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলার ৩ আসামী গ্রেফতার হয়েছে।

শুক্রবার দিবাগত রাতে সদর ও গাংনী থানার বিভিন্ন স্থানে আজ শনিবার (২ জুলাই) ভোররাত পর্যন্ত পুলিশের পৃথক পৃথক অভিযানে এসব আসামী গ্রেফতার করা হয়।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জুলফিকার আলী ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এসব গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

এসময় গাংনী থানায় বিভিন্ন অভিযোগে ৫ টি ও সদর থানায় ১ টি মামলা এফআইআর করা হয়েছে। মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোলরুম এ তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃতদের আজ শনিবার (২ জুলাই) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে ভারতীয় পটকাসহ দৌলতপুরের হাবিব আটক

ভারত থেকে চোরাই পথে আনা অবৈধ পটকাসহ আহসান হাবিব (২৮)কে আটক করেছে গাংনীর ভবানীপুর ক্যাম্প পুলিশের একটি ইউনিট।

শুক্রবার দুপুরের দিকে নাটনাপাড়া ও বেতবাড়িয়া গ্রামের মাঝখান

থেকে তাকে আটক করে। আটক আহসান হাবিব পার্শ্ববর্তি কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার আব্দুলপুর গ্রামের হাসিবুল ইসলামের ছেলে।

ভবানীপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই জহির রায়হানের নেতৃত্বে সঙ্গীয় ফোর্সসহ এ অভিযান চালান। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বেতবাড়ীয়া-নাটনাপাড়া সড়ক দিয়ে ভারতীয় অবৈধ পটকা পাঁচার হচ্ছে, এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়।

আহসান হাবিবকে বিপুল পরিমাণ ভারতীয় পটকাসহ আটক করে পুলিশ। অবৈধ ভারতীয় পটকা পরিবহন কাজে ব্যবহৃত ১টি মোটরসাইলও জব্দ করে পুলিশ। আহসান হাবিবের বিরুদ্ধে অবৈধ ভারতীয় পন্য দেশে আনার অপরাধে বিশেষ ক্ষমতা আইনে মামলা হয়েছে।

আড়ম্বর পরিবেশে গাংনীর সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলামের জন্মদিন পালন

আড়ম্বর পরিবেশে গাংনীর বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক ও শিক্ষাবিদ সিরাজুল ইসলামের ৭০তম জন্ম দিন পালন করা হয়েছে। গাংনী বিশিষ্টজন ও সাংস্কৃতিক ব্যক্তিরা তার এই জন্মদিন পালন করেন।

শুক্রবার দিবাগত রাত সাড়ে আটটার সময় গাংনী হাসপাতাল বাজারের একটি বেসরকারী স্বেচ্ছাসেবি প্রতিষ্ঠানের কার্যালয়ে আড়ম্বর পরিবেশে কেক কেটে ও সংক্ষিপ্ত আলোচনার মধ্য দিয়ে এই গুনিজনের জন্মবার্ষিকী পালন করা হয়।

এসময় সিরাজুল ইসলামের পত্নি গাংনী সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক নাসরিন বানু উপস্থিত ছিলেন।
এই বিশিষ্ট গুণীজনকে কেক খাইয়ে দিয়ে জন্মদিনের শুভেচ্ছা জানান সমাজের বিভিন্ন স্তরের মানুষ।

এসময় উপস্থিত ছিলেন, গাংনী সরকারী ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, গাংনী সরকারী ডিগ্রী কলেজের প্রভাষক ফজলুল হক সেন্টু, মেহেরপুর প্রতিদিনের বার্তা সম্পাদক গীতিকার জুলফিকার আলী কানন, করমদী ডিগ্রী কলেজ প্রভাষক আবু সাদাদ মোহাম্মদ সায়েম পল্টু, পাকুড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হামিজ উদ্দীন, আওয়ামীলীগ নেত শহিদুল ইসলাম শাহ, মুক্তিযুদ্ধের শহীদ স্মৃতি পাঠাগারের সহসভাপতি ও ছড়াকার ইয়াসিন রেজা,সূর্যোদয় স্কুল এন্ড কলেজের পরিচালক কবি আবুল কাশেম অনুরাগী, বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক ও উপসহকারী কৃষি অফিসার আমজাদ হোসেন, আব্দুস সামাদ মন্টু, গাঁড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আল্পনা আক্তার, সিএফএম মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মাসুমা হোসেন মিতা, দি হাঙ্গার প্রজেক্টের গাংনী এরিয়া অফিসের সমন্বয়কারী হেলাল উদ্দীন, মোছা: লিলি খাতুন, গীতিকার শহিদুল ইসলাম শাওন, কমরেড হাসেম আলী, গাংনী শিল্পকলা একাডেমীর প্রশিক্ষক ওস্তাদ এসএম সেলিম রেজা, সাংস্কৃতিক কর্মী আজিজুল হক রানু, সাংস্কৃতিক ব্যক্তিত্ব মজিবুর রহমান, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম, সিনিয়র সাংবাদিক শাহাজুল সাজু, এমএ লিংকন, সাংবাদিক এসএম রফিকুল আলম বকুল, এমএন পাভেল, লিটন মাহমুদ, এ সিদ্দিকী শাহিন, বিশিষ্ট বাদ্য যন্ত্র সংগীত ওস্তাদ সোলাইমান হোসেন, সংগীত শিল্পী জোবায়ের সাকিব বাপ্পী, রোজিবুল ইসলাম, হোসেন আদ্রিতা ইমরোজ মেঘ প্রমুখ।

মেহেরপুরে বর্ণাঢ্য আয়োজনে রথযাত্রা অনুষ্ঠিত

সনাতনধর্মী সম্প্রদায়ের অন্যতম ধর্মীয় উৎসব শ্রী জগন্নাথ দেবের রথযাত্রা উপলক্ষ্যে মেহেরপুরে বর্ণাঢ্য আয়োজনে রথযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘ (ইস্কন) প্রচার কেন্দ্রের উদ্যোগে শ্রী শ্রী হরিসভা মন্দিরে ১ জুলাই থেকে ৮ জুলাই পর্যন্ত

৮দিন ব্যাপী উল্টো রথযাত্রার প্রথম দিনে শুক্রবার বর্ণাঢ্য সাজে জগন্নাথদেব, শুভদ্রা ও বলরামের প্রতিকৃতিসহ মঙ্গল প্রদীপ জ্বালিয়ে রথযাত্রা বের করা হয়। রথযাত্রাটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে শ্রীশ্রী হরিভক্তি প্রদায়িনী পূজা মন্দির প্রাঙ্গণে গিয়ে শেষ হয়।

মেহেরপুর জেলা পূজা উদযাপন পরিষদের আহ্বায়ক ও পিপি পল্লব ভট্টাচার্যের নেতৃত্বে ইসকন প্রচার কেন্দ্রের রথযাত্রা অন্যদের মধ্যে ইসকনের মেহেরপুর শাখার পরিচালক সুমহান মুকুন্দ ব্রহ্মচারী, অতিরিক্ত জেলা ও দায়রা জজ রিপতী কুমার বিশ্বাস, ট্রাফিক সার্জেন্ট পবিত্র সরকার সহ হিন্দু সম্প্রদায়ের শত শত ভক্ত রথযাত্রায় অংশগ্রহণ করেন।

গাংনীতে মাটি বহনকারি ট্রাক্টরের ধাক্কায় ইউপি সদস্য আহত

মেহেরপুরের গাংনীর নওপাড়া বাজারে ইঁটভাটায় মাটি বহনকারি ট্রাক্টরের ধাক্কায় নজরুল ইসলাম (৫০) নামের এক ইউপি সদস্য আহত হয়েছেন। আহত নজরুল ইসলাম ভাটপাড়া গ্রামের মৃত আব্দুর রহমানের ছেলে ও সাহারবাটি ইউনিয়ন পরিষদের ৬ নং ওয়ার্ডের সদস্য।

শুক্রবার বেলা ১১ টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নজরুল ইসলাম বর্তমানে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

স্থানীয়রা জানায়, বেলা ১১ টার দিকে নজরুল ইসলাম মোটরসাইকেল যোগে কুলবাড়িয়া থেকে বাড়ি ফিরছিলেন। নওপাড়া বাজারে পৌছানো মাত্রই মাটি ভর্তি একটি ট্রাক্টর তাকে পিছন থেকে ধাকা দেয়।

এসময় মোটরসাইকেলসহ নজরুল ইসলাম রাস্তার পাশে ছিটকে পড়ে। স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। তার অবস্থা আশংকা জনক হওয়ায় তাকে কুষ্টিয়া জেনারেল

হাসপাতালে রেফার্ড করেন জরুরী বিভাগের চিকিৎসক।

স্থানীয়রা আরো জানায় মাটিবহনকারি ট্রাক্টরটি বেশ কয়েকদিন যাবত কুলবাড়িয়ার মা ইট ভাটায় মাটি বহন করছেন। লাইসেন্স বিহীন অদক্ষ চালক দিয়ে ভাটা মালিক ইট ও মাটি বহন করায় এলাকার মানুষ চরম আতংকের মধ্যে রয়েছে।

অবাধে অবৈধ ট্রলি ও ট্রাক্টরের দাপটে অতিষ্ট এলাকাবাসী ও পথচারিরা। কোন প্রকার পদক্ষেপ না নেয়ায় প্রতিনিয়ত দুর্ঘটনায় পড়ে হতাহত হচ্ছে মানুষ। গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, দুর্ঘটনার বিষয়ে শুনেছি। আমার থানায় অভিযোগ করলে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

দেশেও এখন উন্নত মানের পণ্য তৈরী হচ্ছে, রপ্তানী হচ্ছে বিদেশে —চিত্রনায়ক আমিন খান

বাংলাদেশের জনপ্রিয় চিত্রনায়ক ও মার্সেল কোম্পানীর ব্র্যান্ড অ্যাম্বেসেডর আমিন খান বলেছেন, ব্যবসায়ীরা অনেক সময় নন ব্রান্ডের নকল পণ্য বিদেশী পণ্য বলে বিক্রি করে থাকেন ক্রেতাদের কাছে।আমাদের দেশের সহজ সরল মানুষ নন ব্র্যান্ডের নকল পণ্যকে বিদেশী পণ্য ভেবে কিনে প্রতারিত হচ্ছেন।শুধু তারা প্রতারিতই হচ্ছেন না। এই দেশের টাকাগুলোও বিদেশে চলে যাচ্ছে।দেশের টাকা দেশে থাকছেনা। আমাদের দেশেও এখন অনেক উন্নত মানের পণ্য তৈরী হচ্ছে। যা বিশ্বের ৪৬ টি দেশে রপ্তানী করা হচ্ছে। দেশী পণ্য বেশী বেশী করে ব্যবহার করতে হবে। তাহলে দেশের টাকা দেশেই থাকবে। দেশের অর্থনীতি আরও বেশী সমৃদ্ধশালী হবে, দেশ আরও এগিয়ে যাবে। আমরা দেশীয় তৈরী পণ্য বেশী বেশী কিনলে সেই লাভের টাকায় দেশে তৈরী হবে নতুন নতুন কোম্পানী। যেখানে আমার ভাই, বোন, সন্তান ও আত্মীয় স্বজনের কর্মসংস্থান হবে। এদেশ থেকে তখন আর বিদেশে চাকুরীর জন্য যেতে হবেনা। সেখানে গিয়ে লেবার খাটতে হবেনা। আমাদের অর্থনীতি মজবুত হলে তখন বিদেশীরাও আমাদের সম্মান করবে।

তিনি বলেন আমাদের দেশে নিজের টাকায় আজ পদ্মাসেতু তৈরী হয়েছে। এখন সারা পৃথিবীর মানুষ বলছেন বাংলাদেশও এখন পারে।তারাও এগিয়ে যাচ্ছে।

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দী শাখায় তাজ ইলেক্ট্রনিক্স (মার্সেল শোরুম) থেকে ফ্রিজ কিনে ঈদ অফারের পুরস্কারপ্রাপ্ত গ্রাহক মোছাঃ সাগরিকা বেগমের হাতে ১০ লক্ষ্য টাকার চেক তুলে দেওয়ার প্রাক্কালে এসব কথা বলেন তিনি।

এসময় মার্সেল কোম্পানীর এক্সিকিউটিভ ডিরেক্টর ড. শাখাওয়াত হোসেন, সিনিয়র ডিরেক্টর আরিফুল আম্বিয়া, বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, তাজ এন্টারপ্রাইজের স্বতাধীকারী আমিরুল ইসলাম ও জিয়াদুল ইসলাম লিজন, মার্সেলের এরিয়া সেলস ম্যানেজার মো: শামীম উপস্থিত ছিলেন।

বামন্দী বাজার কমিটির সভাপতি ও বামন্দী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

উল্লেখ্য, গাংনী উপজেলার সাহেবনগর গ্রামের সৌদি প্রবাসি সাজ্জাদ হোসেন মার্সেলের বামন্দী শোরুম তাজ এন্টার প্রাইজ থেকে ৩৭ হাজার টাকা দিয়ে একটি ২৫২ লিটারের একটি ফ্রীজ কিনে ১০ লক্ষ টাকা পুরুস্কার পান। প্রবাসী সাজ্জাদ হোসেনের মা মোছাঃ সাগরিকা বেগম ও স্ত্রী রেবেকা খাতুন আজ শুক্রবার (১ জুলাই) দুপুরে বামন্দী শাখায় মার্সেল কোম্পানির এম্বাসেডর নায়ক আমিন খান সাগরিকার হাতে পুরস্কার তুলে দেন ।

মেহেরপুরে হাত পা ও মুখ বাঁধায় অবস্থায় নির্মান শ্রমিক উদ্ধার

মেহেরপুর সদর উপজেলার তেরঘরিয়া বিলের পাড়ের একটি ঘর থেকে মুখ, হাত ও পা বাঁধা কর্দমাক্ত অবস্থায় নাহিদ হোসেন (২৪) নামের এক

নির্মাণ শ্রমিককে উদ্ধার করেছে স্থানীয়রা।

নাহিদ হোসেন মেহেরপুর সদর উপজেলার তেরোঘরিয়া গ্রামের আলমগীর হোসেনের ছেলে।

সে বর্তমানে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

জানা গেছে বৃহস্পতিবার দিবাগত রাতে হাত, পা ও মুখে টেপ মারা এবং শরীরের সমস্ত জায়গায় কর্দমাক্ত অবস্থায় তেরঘরিয়া বিল পড়ে একটি ঘে রর ভিতর পড়ে থাকতে দেখে স্থানীয়রা তাকে উদ্ধার করে রাতে মেহেরপু র-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করে।

খবর পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল সেখানে পৌঁছায়। কে বা কি কারনে থাকে হাত পা বেঁধে ফেলে রাখা হয়েছিল সেটিও রহস্যজনক।

নাম প্রকাশ করার শর্তে স্থানীয়রা জানান, নাহিদ হোসেন একজন মাদকাসক্ত। তার বিরুদ্ধে বিভিন্ন সময়ে এলাকায় ছোট খাটো চুরির অভিযোগ রয়েছে। নারী ঘটিত কারনে এ ঘটনা ঘটেছে বলেও গুঞ্জন উঠেছে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি)জুলফিকার আলী বলেন, স্থানীয়রা তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে এসেছেন। তবে, নাহিদ পুলিশের কাছে একেকবার একেক কথা বলেছেন। তার বিষয়টিও রহস্যজনক। প্রকৃত বিষটি তদন্ত শেষে বলা যাবে।

গাংনীর হাড়িয়াদহ গ্রামে ৩ টি গরু চুরি

দুটি গরু হারিয়ে ভ্যান চালক আকছেদ আলী এখন দিশেহারা হয়ে পড়েছেন। অনেক কষ্টে দুটি গরু কিনে প্রায় ১ বছর পালন করে এবারের কুরবানীর ঈদের বাজারে বিক্রি করার কথা তার। গরু দুটি কিনতে বাড়িতে কয়েকজন ব্যাপারিও এসেছিলেন। দামে পড়তা না হওয়ায় স্থানীয় হাটে তোলার কথা ছিল গরু দুটি। তার আগেই চোরের দল ভ্যান চালক আকছেদ আলীর সেই স্বপ্ন ভেঙ্গে দিলো। বৃহস্পতিবার দিবাগত রাতের কোনো এক সময়

চোরের দল গোয়াল ঘরের বেড়া কেটে চুরি করে নিয়ে গেছে গরু দুটি। একই সময়ে প্রতিবেশী আব্দুর রশিদেরও একটি গরু চুরি করে নিয়ে গেছে।

আকছেদ আলী জানান, আমি গরীব মানুষ। অনেক কষ্ট করে এনজিও থেকে ঋণ নিয়ে গরু দুটি কিনেছিলাম। এবারের কোরবানীর হাটে বিক্রি করার কথা ছিল। কিন্তু গতরাতে চোরের দল গরু দুটি চুরি করে নিয়ে গেছে। একই পাড়ার আব্দুর রশিদেরও একটি গরু চুরি হয়েছে।

গরু তিনটির আনুমানিক মূল্য প্রায় তিন লাখ টাকা বলে জানান গরুর মালিক আকছেদ আলী ও আব্দুর রশিদ। গরু তিনটি বিভিন্ন স্থানে খোঁজা খুজি করা হচ্ছে বলে জানান গরুর মালিকরা।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, গরু চুরির বিষয় এখনও কেও জানায়নি। তবে বিষয়টি এখন আমিও খোঁজ খবর নেবো।

বন্যার্তদের সহযোগিতায় লাখ টাকা দিলো মেহেরপুরের শিক্ষার্থীরা

বন্যার্তদের সহযোগিতার মেহেরপুরের একঝাঁক শিক্ষার্থীরা জেলা প্রশাসকের হাতে ১ লক্ষ টাকা তুলে দিয়েছে। বৃহস্পতিবার (৩০ জুন) দুপুরে মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খান এ টাকা গ্রহণ করেন।

মেহেরপুর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, মেহেরপুর সরকারী কলেজ, মেহেরপুর সরকারি মহিলা কলেজ ও মেহেরপুর সরকারি বালিকা বিদ্যালয়ের ২৫ জন শিক্ষার্থীরা মিলে বন্যার্তদের পাশে দাড়ানোর সিদ্ধান্ত নিয়ে নিজেদের সহপাঠি ও স্বজনদের কাছ থেকে ২/১শ করে টাকা নিয়ে এক লক্ষ টাকা সংগ্রহ করে।

সরাসরি বন্যার্তদের মাঝে এই টাকা পৌছে দেওয়ার ইচ্ছা থাকলেও সামনে পরীক্ষার কারণে বানভাসী মানুষের কাছে পৌছানো সম্ভব হয়ে

উঠছে না এসকল শিক্ষার্থীদের। তাই বন্যার্তদের সহযোগিতার জন্য সংগ্রহীত ১ লক্ষ টাকা মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের হাতে তুলে দেয় শিক্ষার্থীরা।

এবিষয়ে মেহেরপুর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের মোঃ রলিপ হাসান জানান, মেহেরপুর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, মেহেরপুর সরকারী কলেজ ও মেহেরপুর সরকারি বালিকা বিদ্যালয়ের ২৫ জন বন্ধু বান্ধবি মিলে সিদ্ধান্ত নিই বন্যার্তদের পাশে দাড়ানোর জন্য।

আমরা নিজেরা সহ আমাদের সহপাঠি ও স্বজনদের কাছ থেকে ২/১শ করে টাকা নিয়ে এক লক্ষ টাকা সংগ্রহ করি। সামনে আমাদের পরীক্ষা তাই আমাদের পক্ষে বানভাসী মানুষের কাছে পৌছানো সম্ভব হয়ে উঠছেনা। একারনে আমরা মেহেরপুর জেলা প্রশাসকের কাছে বন্যার্তদের জন্য সংগ্রহীত টাকা তুলে দিলাম।

জেলা প্রশাসকের পরামর্শে বন্যার্তদের সহযোগীতায় নগদ এক লক্ষ টাকা সুনামগঞ্জ জেলা প্রশাসকের ইমাজেন্সি রিলিফ একাউন্টে (নং- ৫৯১০২০০০০৩২৮০) জমা করে দিয়েছি। এর পর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খানের কাছে ব্যাংক জমার রশিদ নিয়ে গেলে তিনি তা গ্রহণ করেন।